

ঢাকা ওয়াসা

- ১) ২০২৪-২৫ অর্থ-বছরের প্রাক্কলিত বাজেটের কপি।
- ২) ক্যালকুলেশন শীট।
- ৩) প্রাক্কলন।

বিষয়: Repair of Sewerage Manhole & Removal of Sewerage Blockage at H#8/12, Sir Syed Road under MODS Zone-3, Dhaka WASA শীর্ষক কাজ অনুমোদন প্রসংগে।

১) উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৩ এর আওতাধীন হোল্ডিং নং-৮/১২, স্যার সৈয়দ রোড হতে স্যুয়ার ওভার-ফ্লো এর অভিযোগ পাওয়া যায়। সেই প্রেক্ষিতে বর্ণিত সাইট সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনে দেখা যায় উক্ত হোল্ডিং এর সামনে ঢাকা ওয়াসার একটি ম্যানহোল ক্ষতিগ্রস্ত হয়ে রাস্তার নীচে পড়ে বন্ধ হয়ে গিয়েছে। যার দরুন উক্ত হোল্ডিং এর পয়ঃ বর্জ্য নিষ্কাশন হতে পারছেনা। ফলে বর্ণিত হোল্ডিং হতে স্যুয়ার ওভার-ফ্লো হচ্ছে। স্যুয়ার ওভার-ফ্লো এর ফলে আশেপাশের এলাকার পরিবেশ নষ্ট হচ্ছে এবং রাস্তায় জনসাধারণের চলাচলে অসুবিধা হচ্ছে, সর্বপরি ঢাকা ওয়াসার ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। বর্ণিত হোল্ডিং এর স্যুয়ার ওভার-ফ্লো নিরোসনের জন্য রাস্তার নীচে হতে ক্ষতিগ্রস্ত স্যুয়ার ম্যানহোলটি উন্মুক্ত করে মেরামত করতে হবে, ম্যানহোল কভার পুনঃস্থাপন করতে হবে এবং স্যুয়ার ক্লিনার নিয়োজিত করে আশেপাশের বেশকিছু ম্যানহোল হতে স্লাজ উত্তোলন ও উত্তোলিত স্লাজ অপসারণ করা প্রয়োজন।

২) উপরিউক্ত বর্ণনার আলোকে হোল্ডিং নং-৮/১২, স্যার সৈয়দ রোড এর ক্ষতিগ্রস্ত ম্যানহোল মেরামত ও স্যুয়ার ওভার-ফ্লো নিরোসন এর জন্য একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে মোট ৳৪৪,৭১৯/- (চুয়াল্লিশ হাজার সাতশত উনিশ) টাকা মাত্র। কাজটি জরুরী বিবেচনায় পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী ঠিকাদারি প্রতিষ্ঠান “মেসার্স চৌধুরী বাগিচালায়” এর সহিত সরাসরি চুক্তির (DPM) মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৫-২০২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ” (বাজেট কোড নং-01-04-002) খাত এর থেকে বরাদ্দ ক্রমিক নং B.2(13) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটির প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

৩) এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে Repair of Sewerage Manhole & Removal of Sewerage Blockage at H#8/12, Sir Syed Road under MODS Zone-3, Dhaka WASA শীর্ষক কাজটি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে;

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য মোট মোট ৳৪৪,৭১৯/- (চুয়াল্লিশ হাজার সাতশত উনিশ) টাকা মাত্রের প্রাক্কলনটির অনুমোদন;

খ) আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী সরবরাহকারী প্রতিষ্ঠান “মেসার্স চৌধুরী বাগিচালায়” এর সহিত সরাসরি চুক্তি পদ্ধতিতে (DPM) সম্পাদন করার অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ (কোড নং-০১-০৪-০০২)” খাত এর থেকে বরাদ্দ ক্রমিক নং- B.2(13) হতে নির্বাহ করার অনুমোদন।

বর্ণিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।

মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩
ঢাকা ওয়াসা

মোঃ নজরুল ইসলাম খান
উপ-বিভাগীয় প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

SE, MODS/Circle-1